ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।এতে দুই হাজারেও বেশি অসহায় দরিদ্র মানুষকে ফ্রির চিকিৎসা ও বিনামূল্যে ওষুধ দেয়া হয়েছে।

আজ শনিবার (৯ মার্চ) সকাল দশ টার সময় উপজেলার পাইলট স্কুল এন্ড কলেজ মাঠে এই কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করা হয়।

আদ্ দ্বীন ফাউন্ডেশন ও জাহেদী ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে এই ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

ফ্রি মেডিকেল ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -২ আসনের এমপি মোঃ নাসের শাহরিয়ার জাহেদী , বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আদ দ্বীন ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক শেখ মোঃ মহিউদ্দিন , হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার মোঃ আক্তার হোসেন , থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ জিয়াউর রহমান। সভাপতিত্ব করেন অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়াার জেনারেল রুশো।

প্রধান অতিথি সবাইকে উদ্দেশ্য করে বলেন এ ধরনের ফ্রি মেডিকেল ক্যাম্প হরিণাকুন্ডুতে সব জায়গায় পর্যায়ক্রমে হবে এবং জাহেদী ফাউন্ডেশন ও আদ্দ্বীন ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ডায়াবেটিক , ফ্রি স্ক্যানিংয়ের ব্যবস্থা করা হবে বলে জানান। এই ক্যাম্পে ১৬ জন ডাক্তার দ্বারা প্রায় ২হাজার ডায়াবেটিস ও চক্ষুরোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

ঝিনাইদহ সড়ক বিভাগের গাড়ী থেকে ফেন্সিডিল উদ্ধার , আটক ৩

ঝিনাইদহ সদর উপজেলার মধুপুর এলাকা থেকে ফেন্সিডলসহ ৩ মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব -৬। আজ শনিবার (৯মার্চ) ভোরে তাকে

আটক করা হয়। জব্দ করা হয়েছে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের ব্যবহৃত একটি গাড়ী। যা বিভাগের পদস্থ এক কর্মকর্তা ব্যবহার করেন। গাড়ীতে সড়ক বিভাগের লোগো লাগানো ছিলো।

আটককৃতরা হলো-গাড়ী চালক ঢাকার তেজগাও কুনিপাড়া এলাকার শাহাজাদা ফিরোজের ছেলে রমজান হোসেন দেওয়ান (৩০), বরগুনা জেলার আমতলী উপজেলার গোডাঙ্গা গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে জুবায়ের হোসেন জুয়েল ও চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার শেনেরহুদা গ্রামের মৃত মাহাতাব উদ্দিনের ছেলে নজর হোসেন (২৫)।

র্যাব-৬, সিপিসি-২ ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী কমান্ডার মেজর নাঈম আহম্মেদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে চুয়াডাঙ্গা থেকে সড়ক বিভাগের একটি গাড়ী যোগে ঢাকায় ফেন্সিডিল পাচার হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে শনিবার ভোরে সদর উপজেলার মধুপুরে চেকপোস্ট বসায় র্যাব। সেসময় সন্দেহ হলে একটি পাজারো গাড়ীর গতিরোধ করে তল্লাসী করলে পাওয়া যায় ১৫০ বোতল ফেন্সিডিল। সেসময় আটক করা হয় ড্রাইভারসহ ৩ জনকে। এ ঘটনায় র্যাবের পক্ষ থেকে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“নারীর সমঅধিকার,সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শেখ হাসিনার বারতা,নারী পুরুষ সমতা এই স্লোগান নিয়ে আজ শুক্রবার সকালে উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার উছেন মে’র সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি খাতুন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক ও এলাঙ্গী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান হুমায়ুন কবির লতা, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, কৃষি অফিসা রাজিবুল হাসান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার রমিজ উদ্দিন তপু, মহিলা কাউন্সিলর পিউলি, বীর জনতা পত্রিকার নিজস্ব প্রতিবেদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

আলোচনা সভা সঞ্চালনা করেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। আলোচনা সভায় বক্তারা নারী দিবসের বিভিন্ন তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন অতিথিরা। সে সময় প্রশিক্ষণ আর্থি, উপজেলা প্রশাসনে কর্মকর্তা, নির্যাতিত নারী, সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন

শৈলকুপায় কলেজ ছাত্রকে হাতুড়ি পেটা

ঝিনাইদহের শৈলকুপায় চুরির অভিযোগ করায় রাকিন আহম্মেদ নামের এক কলেজছাত্রকে হাতুড়ি পেটা করা হয়েছে। বর্তমানে ওই কলেজ ছাত্র ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

গতকাল বুধবার দুপুরে শৈলকুপা উপজেলার বড়বাড়ি বগুড়া গ্রামে এ ঘটনা ঘটে। আহত রাকিন ওই গ্রামের আখের মিয়ার ছেলে। সে আবাইপুর যমুনা শিকদার কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্র।

ভুক্তভোগী রাকিন আহম্মেদ জানান, প্রায় ১ মাস পুর্বে একই গ্রামের মজিপ বিশ্বাসের ছেলে শিমুল বিশ্বাস গ্রামের মাঠে থাকা রাকিনদের

স্যালো মেশিনের পার্টস চুরে করে বিক্রি করে। বিষয়টি জানার পর রাকিন গ্রামের মাতব্বরদের কাছে বিচার দেয়। বিচারে শিমুলকে চড়-থাপ্পড় ও চুরিকৃত মালামাল ফেরত দিতে হয়। গত বুধবার সকালে রাকিন বাড়ির সামনে একটি দোকানে বসে ছিলো। সেসময় শিমুলের ছোট ভাই মেহেদির সাথে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে তর্ক-বিতর্কের জেরে মেহেদি ও একই গ্রামের আশরাফুল ইসলাম নাটার ছেলে রিফাত তাকে হাতুড়ি দিয়ে বেধড়ক পারপিট করে। রাকিনের আত্মচিৎকারে পরিবারের লোকজন ছুটে এলে মেহেদি ও রিফাত পালিয়ে যায়। সেখান থেকে রাকিনকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

আহত রাকিন বলেন, মেহেদির ভাই চুরি করেছিলো সেই বিচার দিয়েছিলাম বলে আমাকে এভাবে মারধর করা হয়েছে।

এ ব্যাপারে শৈলকুপায় থানার ওসি শফিকুল ইসলাম চৌধুরী বলেন, একটা ঘটনা ঘটেছে ওয়াইফাই’র পাসওয়ার্ড চাওয়াকে কেন্দ্র করে এই ঘটনা। ভুক্তভোগী থানায় মামলা দিলে তা আমলে নিয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

শৈলকুপায় ২ বাড়িতে, স্বর্ণালংকার ও নগদ টাকা লুটপাট

ঝিনাইদহের শৈলকুপায় ২ বাড়িতে চুরি ও লুটের ঘটনা ঘটেছে। দুই বাড়ির স্বর্ণালংকারসহ নগদ টাকা লুট করে নিয়ে গেছে দুর্বত্তরা।

ভুক্তভোগী উপজেলার মাধবপুর গ্রামের স্কুল শিক্ষক জয়দেব বিশ্বাস জানান, রাত দেড়টার দিকে তার বাড়ীর গ্রীল কেটে একদল ডাকাত প্রবেশ করে। তারা পরিবারের সবাইকে অস্ত্রের মুখে জিম্মি করে প্রায় ১০ ভরি স্বর্ণালংকার ও নগদ টাকা লুট করে নিয়ে যায়।

পরে ওই চক্র পার্শবর্তী কৃষক প্রকাশ বিশ্বাসের বাড়িতেও প্রবেশ করে । কৃষকের বাড়ি থেকে ১ ভরি স্বর্ণালংকার ও নগদ টাকা লুট করেছে

বলে জানিয়েছে কৃষক প্রকাশ বিশ্বাস।

শৈলকুপায় থানার ওসি শফিকুল ইসলাম চৌধুরী বলেন, মাধবপুর গ্রামে দস্যুতার ঘটনা ঘটেছে। ভুক্তভোগীরা থানায় মামলা দিলে আমরা মামলা নিব এবং আশা করছি তথ্য প্রযুক্তি ব্যবহার করে দ্রুতই দোষীদের আইনের আওতায় আনতে পারব।

ঝিনাইদহে ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন

নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঝিনাইদহে ঐতিহাসিক ৭ মার্চ পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টায় শহরের প্রেরণা একাত্তর চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। প্রথমে রাষ্টের পক্ষে জেলা প্রশাসন পরে পুলিশ বিভাগ, মুক্তিযোদ্ধা সংসদসহ বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে জাতির পিতাকে শ্রদ্ধা জানানো হয়। পরে জেলা শিল্পকলা একাডেমীতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পুলিশ সুপার আজিম-উল আহসান, জেলা পরিষদের চেয়ারম্যান হারুন-অর রশীদ, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, মুক্তিযোদ্ধা কমান্ডার মসির উদ্দিনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, বঙ্গবন্ধুর আদর্শ, তার জীবনের নানা দিক নিয়ে আলোচনা করেন। সেই সাথে বঙ্গবন্ধুর ৭ ই মার্চের ঐতিহাসিক ভাষনের পটভুমিকা তুলে ধরেন।

ঝিনাইদহে চারুগৃহ শিশুস্বর্গ স্কুলের ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন

ঝিনাইদহের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান চারুগৃহ শিশুস্বর্গ স্কুলের আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত হয়েছে।

১৯৭১ সালের এইদিন রেসকোর্স ময়দান বাঙালির মুক্তির মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ডাক বঙ্গবন্ধুর ঐতিহাসিক সেই ভাষণের ৫৩ বছর পূর্তি উপলক্ষে ঝিনাইদহের চারুগৃহ শিশুস্বর্গ স্কুলে আয়োজন করা হয় “বঙ্গবন্ধুর সাজে বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা।

এছাড়া প্রতিযোগিতার শুরুতে বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক আরেফিন অনু এই ভাষণের গুরুত্ব, তাৎপর্য,শব্দ চয়ন, ভাষা শৈলী, বচন মাধুর্যতা ও প্রেক্ষাপটসহ নানা দিক শিক্ষার্থীদের মধ্যে আলোচনার মাধ্যমে তুলে ধরেন।

পরে শিক্ষার্থীরা তাদের কন্ঠ বঙ্গবন্ধুর ভাষণ পাঠ করে। সেরা প্রতিযোগিদের মধ্যে পুরস্কার হিসেবে তুলে দেয়া হয় বঙ্গবন্ধুকে নিয়ে লেখা নানা রকম শিশুতোষ বই।বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন চারুগৃহ শিশুস্বর্গ স্কুলের প্রধান শিক্ষক আরেফিন অনু।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলে চারুগৃহ আর্ট স্কুলের প্রধান শিক্ষক গুণী চিত্রশিল্পী গোপাল বিশ্বাসসহ বিদ্যালয়ের সকল শিক্ষকবৃন্দ।

চারুগৃহ স্কুলের এমন ব্যতিক্রমী আয়োজন দেখে শিক্ষার্থীদের অভিভাবকরা সন্তুষ্ট প্রকাশ করে জানান, তরুণ প্রজন্মের মধ্যে বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে দিতে পারলে বঙ্গবন্ধু সম্পর্কে আরো বেশি জানতে পারবে শিশুরা।

ঝিনাইদহের কোটচাঁদপুর থেকে ইজিবাইক চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগদ্বীশপুর গ্রাম থেকে ইজিবাইক চুরির ঘটনা ঘটেছে। গতকাল মঙ্গলবার দিবাগত রাত ৩ টার দিকে নিজ বাড়ি থেকে এ চুরির ঘটনা ঘটে।

ভুক্তভোগী জগদ্বীশপুর গ্রামের মৃত সোবহান মন্ডলের ছেলে ইজিবাইক চালক ইব্রাহিম মন্ডল জানান, প্রতিদিনের ন্যায় সারাদিন শহরে ভাড়া মেরে রাত ৯ টার দিকে নিজ বাড়ির ভিতর চার্জে বসিয়ে লোহার শিকলি দিয়ে ঘরের জানালার সাথে তালা মেরে বাড়ির সবাই ঘুমাতে যায়। এরপর রাত ২ টার দিকে ঘুমথেকে উঠে বাইরে বের হয়ে দেখি ইজিবাইক টা আছে। ভোর রাতে আমার স্ত্রী ঘুম থেকে উঠে ইজিবাইক টি দেখতে না পেয়ে আমাকে ঘুম থেকে ডাক দিলে উঠে এসে দেখি শিকলি কেটে চোর চক্র ইজিবাইক টি নিয়ে গেছে। তারপর অনেক খুজাখুজির পর না পেয়ে কোটচাঁদপুর মডেল থানার একটি সাধারণ ডায়েরি করেছি।

এ বিষয় মডেল থানার ডিউটি অফিসার উপপরিদর্শক সারমিন আক্তার বলেন, ইজিবাইক চুরির ঘটনা সম্পর্কে আমরা অবগত আছি স্যার অফিসে আসলে এটার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে আগুন

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে মঙ্গলবার রাতে হঠাৎ করে আগুন লাগার ঘটনা ঘটে। এ সময় ভীত সন্তস্ত্র হয়ে ছোটাছুটি করতে থাকেন রোগীর অভিভাবকরা। এতে ক্ষয়ক্ষতি না হলেও আতংক কাটেনি তাদের মধ্যে। বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সুত্রপাত জানিয়েছেন ফায়ার সার্ভিসের কর্মকর্তা আক্কাস আলী।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার

চিকিৎসক রমিজ উদ্দিন (তপু) বলেন, রাত তখন ১০ টা বাজে। হঠাৎ চিৎকার শুনতে পেলাম আগুন লাগার। ঘটনাস্থলে এসে দেখতে পেলাম স্বাস্থ্য কমপ্লেক্সের তৃতীয় তলার ডায়রিয়া শিশু ওয়ার্ড এটি। ওই ওয়ার্ডে বৈদ্যুতিক সুইসে থেকে আগুনের সুত্র হয়েছিল বলে জানতে পেলাম। এ সময় আগুনের ভয়ে ভীত সন্তস্ত্র হয়ে ছোটাছুটি করতে থাকেন রোগীর অভিভাবকরা। তবে ওই ঘটনায় কারো কোন ক্ষতি হয়নি।

শিশু ওয়ার্ডের সার্থকের পিতা সজিব দাস বলেন, আগুন লাগার পর খুবই ভয় পেয়ে ছিলাম। এ সময় ওই ওয়ার্ডে আমার বাচ্চা সহ অনেক বাচ্চা ছিল। সবাই নিজ নিজ বাচ্চা নিয়ে নিচে নামার চেস্টা করেন। খোজেন নিরাপদ আশ্রয়।

তিনি বলেন, পরে আগুন নিয়ন্ত্রনে আসলে কিছু রোগী ওয়ার্ডে ফিরে আসে। আর কিছু রোগী রাতেই বাড়িতে ফিরে যান। তবে রোগীরা ওয়ার্ডে ফিরলেও আতংক ছিল সবার চোখে মুখে।

একই কথা বলেন, কামরুন নাহারের অভিভাবকসহ ওই ওয়ার্ডের অনেকে। তারা বলেন, আমরা ছিলাম পাশের সাধারণ ওয়ার্ডে। আগুন লাগার পর ওয়ার্ডের সবাই সব কিছু ফেলে রেখে বাচ্চাগুলো নিয়ে নিচে নেমে যায়। পরে ওয়ার্ডে ফিরে এলেও আতংক ছিল সবার ভিতর।

ওই ওয়ার্ডের দায়িত্বে থাকা সিনিয়র স্ট্যাফ নার্স শাহানাজ পারভিন বলেন,রাত সে সময় ১০ টা বাজে।হঠাৎ করে আগুন লাগার চিৎকার শুনতে পারি। এ ছুটে বৈদ্যুতিক সার্ভিস বন্ধ করে দেয়ার পর আগুন নিভে যায়। তবে ধোয়া উঠতে থাকে।

তিনি বলেন, ঘটনার সময় ডায়রিয়া আর সাধারণ ওয়ার্ডে ৪০ টি বাচ্চা ভর্তি ছিল। আগুন নিয়ন্ত্রণে আসার পর ভয়ে কিছু রোগী বাড়ি চলে যান ওই সময়।তবে বেশির ভাগ রোগীই ভর্তি ছিল।

এ ব্যাপারে কোটচাঁদপুর ফায়ার স্টেশনের কর্মকর্তা আক্কাস আলী বলেন,রাত ১০ দিকে আগুন লাগার খবর পেয়ে ছিলাম। ১০.১০ মিনিটের সময় ঘটনাস্থলে পৌঁছে আগুন দেখতে পায়নি। তবে গন্ধ আর ধোয়া ছিল সে সময় ও।

তিনি বলেন, প্রাথমিক ভাবে দেখে মনে হচ্ছে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে এ আগুনের সুত্রপাত হয়েছিল।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা

কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন,বৈদ্যুতিক বোডের মধ্যে টিকটিকি ছিল। এ কারনে শর্টসার্কিটের ঘটনা ঘটে। এ সময় আমাদের নার্স শাহানাজ পারভিন রোগীদের মাধ্যমে জানতে পেরে দ্রুত মেইন সার্ভিসের সুইস বন্ধ করে দেন। এছাড়া অন্যরা ফায়ার সার্ভিসে খবর দেন। এতে করে তেমন কোন দূর্ঘটনা ঘটেনি। তবে সাময়িক ভাবে বন্ধ হয়ে যায় স্বাস্থ্য কমপ্লেক্সে বৈদ্যুতিক ব্যবস্থা। এতে সাময়িক অসুবিধা হয় রোগী ও অভিভাবকদের। এ কারনে তিনি দুঃখ প্রকাশ করেন। এ ছাড়া ঘটনার সময় যারা দূর্ঘটনা মোকাবিলায় সহায়তা করেছেন প্রত্যেকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত

“বঙ্গবন্ধুর সোনার দেশ, স্মার্ট পাট শিল্পের বাংলাদেশ” এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের আয়োজনে আজ বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, জেলা পাট কর্মকর্তা এম আব্দুল বাকী, জেলা চালকল মালিক সমিতির সভাপতি মোয়াজ্জেম হোসেন, কালীগঞ্জের এমাস ফুটওয়্যারের ব্যবস্থাপনা পরিচালক ওবায়দুল হক রাসেলসহ অন্যান্যরা। বক্তারা, পাটের বহুমুখী ব্যবহার বৃদ্ধিতে কৃষকসহ সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

পরে শ্রেষ্ঠ পাটবীজ উৎপাদন, পাটের বস্তা ব্যবহারসহ ৫ টি ক্যাটাগরিতে ৫ জনকে পুরস্কৃত করা হয়।